


নিয়োগ আদেশ

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের গত ০৪ অক্টোবর, ২০১৭ তারিখের ০৯.০০.০০০০.০৭৩.১১.০০৬.১৭/২৮৬ নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত ১ (এক) জন প্রার্থীকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে **অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক** পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬ তম গ্রেড-এর ৯৩০০-২২৪৯০/- টাকা বেতনক্রমে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রঃ নং	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	প্রার্থীর স্থায়ী ঠিকানা
১.	১০২০৩১২৮	জনাব মোঃ ফারুক মিয়া পিতাঃ মোঃ রফিকুল ইসলাম	গ্রামঃ বকশীমুল, ডাকঘরঃ বকশীমুল উপজেলাঃ তারাকান্দা, জেলাঃ ময়মনসিংহ।

২। শর্তাবলীঃ

- তাকে ০২ বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করা যাবে। শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে।
- সন্তোষজনক পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে। অন্যথায় এ নিয়োগ বাতিল করা হবে।
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।
- তাকে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদনের মূল কপিসহ চাকরিতে যোগদান করতে হবে।
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে।
- প্রার্থীকে নাগরিকত্ব সনদপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে দাখিলকৃত সনদপত্রের বিষয়ে ভিন্ন তথ্য পাওয়া গেলে নিয়োগ বাতিল করা হবে।
- চাকরিতে যোগদানের সময় সরকার নির্ধারিত ফরমে সম্পদের বিবরণী দাখিল করতে হবে।
- তাকে আগামী ১০ জানুয়ারি, ২০১৮ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রশাসন-২ শাখা (ব্লক নং-১০, কক্ষ নং-২৫, তৃতীয় তলা, শেরে বাংলা নগর, ঢাকা)-তে যোগদান করতে হবে।**
- বর্ণিত প্রার্থী প্রতিবন্ধী কোটায় আবেদন করেছেন। তাঁর সংশ্লিষ্ট সনদপত্র যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। এ সংক্রান্ত সনদপত্রের সঠিকতা সম্পর্কে বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে তাঁর এই অস্থায়ী নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তিনি বেতন-ভাতাসহ গৃহীত সমুদয় অর্থ/সুবিধা প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করবেন।



(আসিফ আনাম সিদ্দিকী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৯৭১৯

তারিখঃ ০১/০১/২০১৮ খ্রিঃ

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১১.০০৬.১৭/৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। জেলা প্রশাসক,----- (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। সিভিল সার্জন,----- (স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হলো)
- ৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (ইআরডি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানিয়ে)
- ৫। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৯। অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১০। যুগ্ম-সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১১। সংশ্লিষ্ট নথি/ব্যক্তিগত নথি।


(আসিফ আনাম সিদ্দিকী)
সিনিয়র সহকারী সচিব